APR. 0 1 2001
তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...... কলাম ......

ভোরের কাগজ

করেছে।

# বাংলাদেশের সাক্ষরতা কর্মসূচিতে বিশ্বব্যাংক ৫ কোটি ডলার ঋণ দিচ্ছে

বাংলাদেশে সাক্ষরতা শিক্ষা প্রসারণ এবং উন্নয়নের একটি প্রকল্পে বিশ্বব্যাংক ৫ কোটি ৩৩ লাখ ডলার ঋণ অনুমোদন করেছে। 'পোস্ট লিটারেসি এন্ড কনটিনিউয়িং এডুকেশন ফর হিউম্যান ডেভেলপমেন্ট' শীর্ষক এ প্রকল্পের মাধ্যমে সদ্য সাক্ষর ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে পরিপূর্ণ নাগরিক হিসেবে গড়ে তোলা হবে।

বিশ্বব্যাংকের সহায়ক সংস্থা ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যাসোসিয়েশন (আইডিএ) এ ঋণ দিচ্ছে। আইডিএ-এর অর্থায়নে নতুন এ প্রকল্পের লক্ষ্য হচ্ছে নতুন সাক্ষরদের শিক্ষা দক্ষতা বৃদ্ধি ও তাদের আয় বৃদ্ধিতে সহায়তা করা। যাতে করে পরিবারের উন্নতির মাধ্যমে তাদের পরিপূর্ণ নাগরিক হিসেবে গড়ে তোলা যায়। বিজ্ঞপ্তি।